

আমরা শোকাহত

বিকেএসপি'র ক্রিকেট বিভাগের প্রথম বর্ষের প্রশিক্ষণার্থী মো. আবুল কালাম আজাদের
অকাল মৃত্যু



বিকেএসপি'র ক্রিকেট বিভাগে প্রথম ব্যাচের প্রশিক্ষণার্থী **লে. কর্নেল মোহাম্মদ আবুল কালাম আজাদ** ৩০/০৩/২০১৭ তারিখ রাত ১২.০০ টায় ঢাকা সিএমএইচ-এ হাসপাতালে মারা যান (ইন্সালিল্লাহি রাজিউন)। র্যাবের গোয়েন্দা শাখার প্রধান আজাদ শনিবার সিলেটে জঙ্গিদের বোমা বিস্ফোরনে মারাত্মকভাবে আহত হন। পরে উন্নত চিকিৎসার জন্য তাঁকে সিঙ্গাপুর পাঠানো হয়েছিল। মৃত্যুকালে তাঁর বয়স ছিল ৪৩ বছর। আজাদ ১৯৮৭ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত বিকেএসপি'তে প্রশিক্ষণ গ্রহণ করেন। বিকেএসপি'তে তার ক্যাডেট নম্বর ছিল ক্রি-০৭। অত্যন্ত মেধাবী ও বিনয়ী এ সাবেক প্রশিক্ষণার্থীর অকাল মৃত্যুতে বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সামছুর রহমান, বিজিবিএম, পিবিজিএম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি বিকেএসপি পরিবারের পক্ষ থেকে মরহমের রুহের মাগফেরাত কামনা ও শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।